114

দৈনিক ইত্তেফাক

তারিখ 29 JUN 1995
পৃষ্ঠা ৯৯ কলাম ৬

## এইচএসসি পরীক্ষা গ্রহণের পদ্ধতির নিন্দা

গতকাল বিসিএস সাধারণ শিক্ষা সমিতির সভাপতি ডঃ কিউ এটিএম হাবিবুর রহমান ও মহাসচিব মোঃ আবু ইউসুফ স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে আসন্ন এইচ এস সি পরীক্ষায় শিক্ষকদের নিজ কলেজ কেন্দ্র হইতে অন্য কেন্দ্রে স্থানান্তর করার নির্দেশিত ব্যবস্থায় ক্ষোভ প্রকাশ করা হইয়াছে। বলা হয়, ইহা করিয়া নকল বন্ধ করা যাইবে না বরং ইহার প্রবণতা বাড়িবে। বলা হয়, পরীক্ষা নকলমুক্ত ও সুষ্ঠু ভাবে গ্রহণ করার লক্ষ্য ১০টি সুপারিশসহ একটি স্মারকলিপি শিক্ষামন্ত্রীর নিকট পেশ করা হইয়াছে। শিক্ষকদের মর্যাদা সমুন্নত রাখিয়া বাস্তবমুখী সিদ্ধান্ত গ্রহণ করার জন্য সরকারের প্রতি আহ্বান জানান হইয়াছে।

বাংলাদেশ সরকারী কলেজ অধ্যাপক সমিতি এবং বাংলাদেশ সরকারী কলেজ প্রভাষক সমিতির প্রতিষ্ঠাতা সভাপতি অধ্যাপক কামাল আতাউর রহমান অধ্যাপক সমিতির মহাসচিব অধ্যাপক বদিউল আলম প্রভাষক সমিতির মহাসচিব প্রভাষক মোঃ আঃ হালিম গতকাল এক যুক্ত বিবৃতিতে বলেন, সরকার উচ্চ মাধ্যমিক পরীক্ষা গ্রহণের জন্য এক কলেজের শিক্ষকদের অন্য কলেজে পরীক্ষা গ্রহণের দায়িত্ব পালনের নির্দেশ জারি করিয়া সাধারণ শিক্ষকদের মধ্যে তীব্র ক্ষোভ ও অসন্তোষ সৃষ্টি করিয়াছে। তাহারা বলেন, শিক্ষকরা নানা পারিপার্শ্বিক কারণে নিজেদের প্রতিষ্ঠানে ছাত্রদের পরীক্ষা গ্রহণের সময় নিরাপত্তাহীনতায় ভোগেন। অন্য কলেজে গেলে ইহা আরও তীব্র আকার ধারণ করিবে। তাহারা অবিলম্বে এই সার্কুলার প্রত্যাহার করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানাইয়াছেন।